# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৭৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭) মসজিদকে পরিস্কার ও পবিত্র রাখার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা সুগন্ধিযুক্ত করার বর্ণনা

الترغيب في تنظيف المساجد وتطهيرها وما جاء في تجميرها

---

আরবী

(صحيح لغيره) ورواه ابن ماجه أيضا وابن خزيمة عَنْ أَبِي سَعِيدٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ كَانَتْ سَوْدَاءُ تَقُمُّ الْمَسْجِدَ فَتُوُفِّيَتْ لَيْلًا فَلَمَّا أَصْبَحَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُخْبِرَ بِمَوْتِهَا فَقَالَ أَلا آذَنْتُمُونِي بِهَا فَخَرَجَ بِأَصْحَابِهِ فَوَقَفَ عَلَى قَبْرِهَا فَكَبَّرَ عَلَيْهَا وَالنَّاسُ خَلْفَهُ وَدَعَا لَهَا ثُمَّ انْصَرَفَ

বাংলা

২৭৭. (সহীহ্ লি গাইরিহী) উক্ত হাদীছটি ইবনু মাজাহ্ ও ইবনু খুযায়মা আবু সাঈদ খুদরী (রাঃ) থেকেও বর্ণনা করেন। তিনি বলেনঃ জনৈক কৃষ্ণাঙ্গ নারী মসজিদ ঝাড়ু দেয়ার কাজ করত। কোন এক রাতে সে মৃত্যু বরণ করল। (এবং রাতেই তাকে সমাহিত করা হল।) সকালে যখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে তার মৃত্যু সংবাদ দেয়া হল, তিনি বললেনঃ ”তোমরা আমাকে জানাওনি কেন?” অতঃপর তিনি সাহাবীদের সাথে নিয়ে তার কবরের কাছে গেলেন এবং জানাযা আদায় করলেন। লোকেরাও তাঁর পিছনে জানাযা পড়ল। তার জন্য দু’আ করলেন, অতঃপর ফিরে আসলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবু সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন